

কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংয়ে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক



ছবি-সংগৃহীত

অনলাইন ডেস্ক

প্রকাশ: ১০ নভেম্বর ২০২৩ | ১৪:৫৬ | আপডেট: ১০ নভেম্বর ২০২৩ | ১৪:৫৬



যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান কিউএস (কোয়াককোয়ারেল সাইমন্স) এশিয়ার বিশ্ববিদ্যালয়গুলোর এক র‍্যাঙ্কিং প্রকাশ করেছে। বুধবার প্রকাশিত এ তালিকায় বেসরকারি পর্যায়ে দেশের শীর্ষ স্থানীয় বেসরকারি বিশ্ববিদ্যালয় ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক প্রথমবারের মতো 'কিউ এস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং এশিয়া ২০২৪' এ স্থান লাভ করেছে।

কিউএস এশিয়া ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং ২০২৪ এ ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক ৭৫১-৮০০তম স্থান দখল করেছে। র‍্যাঙ্কিং এ দেশের ২৫ বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে। এর মধ্য ১২টি বেসরকারি বিশ্ববিদ্যালয়। কিউএস টপ ইউনিভার্সিটিজের ওয়েবসাইটে এ তালিকা প্রকাশ করা হয়।

র‍্যাঙ্কিং এ স্থান পাওয়া বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো হলো- নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, ব্র্যাক বিশ্ববিদ্যালয়, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়, ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ, ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচার অ্যান্ড টেকনোলজি, স্ট্যামফোর্ড বিশ্ববিদ্যালয় বাংলাদেশ, আহছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-ইউআইইউ, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ, ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ-ইউল্যাব।

২০২৪ সালের র‍্যাঙ্কিং প্রধানত ১১টি সূচকের ওপর ভিত্তি করে তৈরি করা হয়েছে। এরমধ্যে বিশ্ববিদ্যালয়গুলোর গবেষণা, উদ্ভাবন, চাকরিতে স্নাতকদের কর্মক্ষমতা, শিক্ষক ও শিক্ষার্থীদের সাফল্য, আন্তর্জাতিক গবেষণা নেটওয়ার্ক, পিএইচডি ডিগ্রিধারী শিক্ষক-কর্মকর্তাদের সংখ্যা, আন্তর্জাতিক শিক্ষক ও শিক্ষার্থীদের অনুপাত বিবেচনা করা হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি।